

তারিখঃ ১২-০৯-২০২০

সংবাদ বিজ্ঞপ্তি

রেফারী রিফ্রেসার্স কোর্স ২০২০

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের তত্ত্বাবধানে ও বাফুফে রেফারীজ কমিটির উদ্যোগে দেশে প্রথমবারের মত ‘রেফারী রিফ্রেসার্স কোর্স ২০২০’ অদ্য ১২ সেপ্টেম্বর ২০২০ তারিখ বিকাল ৩.০০ ঘটিকা হতে অনলাইনে জুম ভিডিও কনফারেন্সের মাধ্যমে যশোর, সাতক্ষীরা, রাজশাহী ও ফেনী জেলার রেফারীগণকে নিয়ে অনুষ্ঠিত হয়। উক্ত কোর্সে ‘International Football Association Board’ (IFAB) কর্তৃক প্রণীত লজ অব দ্যা গেমস্ ২০২০-২১ এর সংশোধিত আইন কানুন সম্পর্কে আলোচনা করা হয়। কোর্সে ৭০ জন ফুটবল রেফারী অংশগ্রহণ করে। কোভিড-১৯ সংক্রান্ত পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত লজ অব দ্যা গেম এর উক্ত সংশোধন আইন কানুন সম্পর্কে দেশের ৬৪টি জেলায় পর্যায়ক্রমে অনলাইনের মাধ্যমে কোর্সসমূহ চলমান থাকবে।

উক্ত প্রোগ্রামে টেকনিক্যাল ইন্সট্রাক্টর হিসেবে দায়িত্ব পালন করেন জনাব মোঃ আজাদ রহমান, জনাব তৈয়েব হাসান সামসুজ্জামান বাবু ও জনাব মোঃ নাজমুল হুদা।

উক্ত কোর্সে উপস্থিত ছিলেন বাফুফে রেফারীজ কমিটির ডেপুটি চেয়ারম্যান হাজী মোঃ ইব্রাহিম নেসার এবং সাতক্ষীরা পুলিশ সুপার ও সাতক্ষীরা জেলা রেফারীজ এসোসিয়েশনের সভাপতি জনাব মোহাম্মদ মোস্তাফিজুর রহমান।

কোর্স এর রেফারী কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালন করছেন জনাব শহিদুল ইসলাম লিমন।

আহসান আহমেদ অমিত

হেড অব মিডিয়া

বাংলাদেশ ফুটবল ফেডারেশন।

তারিখঃ ১২-০৯-২০২০

সংবাদ বিজ্ঞপ্তি

‘বায়ুফে নির্বাচনী সাধারণ সভা ২০২০’ আগামী ০৩ অক্টোবর ২০২০ তারিখ প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেল ঢাকায় অনুষ্ঠিত হবে। উক্ত ‘বায়ুফে নির্বাচন ২০২০’ উপলক্ষে গত ৫ সেপ্টেম্বর হতে ৭ সেপ্টেম্বর ২০২০ তারিখ পর্যন্ত মনোনয়নপত্র বিক্রয় করা হয় এবং গত ৮ সেপ্টেম্বর ২০২০ তারিখ মনোনয়নপত্র দাখিল করা হয়।

গত ৮ সেপ্টেম্বর হতে অদ্য ১২ সেপ্টেম্বর ২০২০ তারিখ পর্যন্ত মনোনয়নপত্র প্রত্যাহারের দিন জনাব সাইদুর রহমান মানিক ও জনাব জাকির হোসেন বাবুল সদস্য পদ হতে তাদের মনোনয়নপত্র প্রত্যাহার করে নেয়।

নির্বাচনী তফসিল অনুযায়ী আগামীকাল ১৩ সেপ্টেম্বর ২০২০ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় প্রার্থীর চূড়ান্ত তালিকা প্রকাশ ও ব্যালট নম্বর প্রদান করা হবে।



আহসান আহমেদ অমিত

হেড অব মিডিয়া

বাংলাদেশ ফুটবল ফেডারেশন।